

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৫২

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাম

আরবী

رَعَنْ

أَنَسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «يَا بُنَيِّ إِذَا دَخَلْتَ عَلَى أَهْلِكَ فَسَلِّمْ يَا بُنَيِّ إِذَا دَخَلْتَ عَلَى أَهْلِكَ فَسَلِّمْ يَكُونُ بَرَكَةً عَلَيْكَ وَعَلَى أَهْل بَيْتك» . رَوَاهُ التِّرْمِذِيِّ

বাংলা

৪৬৫২-[২৫] আনাস (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ হে বৎস! যখন তুমি তোমার ঘরে প্রবেশ করো, তখন সালাম দেবে। তোমার সালাম তোমার ও তোমার ঘরের বাসিন্দাদের জন্য বারাকাতের কারণ হবে। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ২৬৯৮, য'ঈফুল জামি' ৬৩৮৯, আল জামি'উস্ সগীর ১৪৫২৬।

হাদীসটিকে আলবানী (রহিমাহুল্লাহ) প্রথমে য'ঈফ বলেন, য'ঈফুল জামি' ৬৩৮৯। অতঃপর তিনি পরবর্তীতে সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৬০৮ নং হাদীসে অত্র হাদীসকে হাসান বলেছেন। দেখুন- তারাজু'আতুল আলবানী ২৫৯ নং।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (یَکُونُ بَرَکَةً) এটা جِملة مستأنفة অর্থাৎ কারণযুক্ত শুরু বাক্য। এটা আসলে ছিল فانه یکون অর্থাৎ সালাম হলো বারাকাত বৃদ্ধি এবং অধিক কল্যাণ ও দয়া বৃদ্ধির কারণ। (তুহফাতুল আহ্ওয়াযী ৭ম খন্ড, হাঃ ২৬৯৮)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন